গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৪ (বাজেট)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.lrb.gov.bd

# পরিপত্র

নং ৩১.০২.০০০০.০১৪.০১.০০১.০১.৪১

তারিখ : ২৫ পৌষ ১৪২৪ / ০৮ জানুয়ারি ২০১৮

বিষয় : ই-নামজারি বাস্তবায়ন।

সূত্র: (ক). মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নং প্রজ্ঞাপন।
(খ). প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৭ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর স্মারক পত্র।
(গ). মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নং স্মারক পত্র।
(ঘ). প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৬ নভেম্বর ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭-৩৪৮৬ নম্বর স্মারক পত্র।
(ঙ). মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৫.১৭.৩০৪ নং স্মারক পত্র।
(চ). ভূমি মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯ নং স্মারক পত্র।

সরকারের ভিশন ২০২১ অর্জন তথা "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণে ভূমি সংশ্লিষ্ট সকল সেবা জনগণের দোর-গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি) এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ নিরন্তর কাজ করছে। ভূমি সেবা সহজীকরণে মাঠ পর্যায়ের উদ্যোগগুলোর একটি সমন্বিত রূপ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত ভূমি তথ্য ও সেবা কাঠামো **Land Information and Service Framework-LISF** সংক্রান্ত কমিটি ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পসমূহ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের **a2i** প্রোগ্রাম ও আইসিটি বিভাগকে সম্পৃক্ত করে **LISF** এর উপযোগী ই-নামজারি পদ্ধতি চালু করার জন্য ভূমি সংস্কার বোর্ডকে অনুরোধ করে। তদানুসারে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ১০ টি মডিউল সমৃদ্ধ **Land Information Management System-LIMS** নামক একটি সফটওয়্যার তৈরি করা হয় এর ই-নামজারি মডিউলটি ১৩টি উপজেলায় পাইলটিং করা হয়। পরবর্তীতে **a2i** প্রোগ্রাম ই-নামজারি মডিউলটি কারিগরীভাবে আরো সমৃদ্ধ করে ৭টি উপজেলায় পাইলটিং করে। উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক কম সময় কম খরচ এবং হয়রানিমুক্তভাবে একটি মাত্র সেবা ক্ষেত্রের (land.gov.bd) মাধ্যমে ভূমি সেবা গ্রহণ সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে (সূত্র- ক)-যেখানে সকল ভূমি সেবা পর্যায়ক্রমে সন্নিবেশিত হবে।

২। ই-নামজারি কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড এবং **a2i** এর সহযোগিতায় প্রশিক্ষক প্রশিক্ষণ এবং ব্যবহারকারীদের প্রশিক্ষণের মাধ্যমে ই-নামজারি জ্ঞান সম্পন্ন দক্ষ জনবল কাঠামো গড়ে তোলার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত সময়ের মধ্যে ১১২টি উপজেলায় ই-নামজারি কার্যক্রম সফলভাবে শুরু করা হয়েছে এবং অনতিবিলম্বে আরও ১৪৮ উপজেলায় ই-নামজারি শুরু করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এতদুপলক্ষে বিভিন্ন উপজেলায় জনপ্রতিনিধি, ব্যবহারকারী, নাগরিক ও ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের নিয়ে অবহিতকরণ সভার আয়োজন করে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা হয়েছে।

৩। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আগামী জুন, ২০১৮ তারিখের মধ্যে সারা দেশে ই-নামজারি বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া হয়েছে (সূত্র- 'খ' ও 'গ')। তাছাড়া ভূমি রেজিস্ট্রেশন-এর সাথে নামজারি কার্যক্রম ওতপ্রোতভাবে জড়িত বিধায় ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে **LISF** এর সাথে সম্পৃক্ত করার নির্দেশনা দেয়া হয়েছে (সূত্র- 'ঘ' ও 'ঙ')। এরই ধারাবাহিকতায় ভূমি মন্ত্রণালয় সূত্রোক্ত 'চ' নং স্মারকে ভূমি সংস্কার বোর্ড, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে ই-নামজারি বাস্তবায়ন নিবিড়ভাবে তদারক ও পরিবীক্ষণ করাসহ মাসিক রাজস্ব সভায় বিষয়টি আলোচ্যসূচিভুক্ত করে অগ্রগতি পর্যবেক্ষণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

৪। সারাদেশে ভূমি সেবাকে সহজীকরণ ও হয়রানি মুক্ত করার লক্ষ্যে পুরো ভূমি ব্যবস্থাপনাকে ডিজিটালাইজড করার কোন বিকল্প নেই। এ বিষয়ে সরকার দৃঢ় সংকল্পবদ্ধ। তদপরিপ্রেক্ষিতে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে জুন, ২০১৮ মাসের মধ্যে সারা দেশে ই-নামজারি বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮/০১/২০১৮

(মোঃ মাহফুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯৫৬৬৭৩৭
ই-মেইল- chairman@lrb.gov.bd

১। বিভাগীয় কমিশনার
..............................................(সকল)

২। জেলা প্রশাসক
..............................................(সকল)

৩। সহকারী কমিশনার (ভূমি)
..............................................(সকল)

অনুলিপি :
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৫। উপ-ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০১.১৭.১৪৯

১৭ বৈশাখ ১৪২৪
তারিখ: -----------------
৩০ এপ্রিল ২০১৭

<u>প্রজ্ঞাপন</u>

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ভূমি ব্যবস্থাপনার ডিজিটাইজেশন অপরিহার্য। ভূমিসেবায় গতিশীলতা আনয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা কর্তৃক ভূমিসেবা সংক্রান্ত ই-সেবা তৈরি করা হচ্ছে। জনবান্ধব ই-সেবা তৈরিতে যে সকল সফটওয়্যার তৈরি করা হয়েছে সেগুলো কোনো সমন্বিত প্লাটফরমে না থাকায় সেবা গ্রহণের জন্য নাগরিকগণকে বিভিন্ন ই-ঠিকানায় তা খুঁজতে হয় এবং একটি সিস্টেমের সঙ্গে অন্য সিস্টেমের আন্তঃচলমানতা (Interoperability) সম্ভব হয় না। এ সকল সফটওয়্যারগুলোকে সমন্বিত করার লক্ষ্যে ভূমি-তথ্য ও সেবা কাঠামোর ভার্সন-০১ তৈরিপূর্বক এর উপাত্তমান (Data Standard) ও সমন্বয়মান (Integration Standard) প্রণয়ন করা হয়েছে। ভবিষ্যতে ভূমি সংক্রান্ত যে সকল ই-সেবা তৈরি করা হবে সেগুলো এই প্রমিতমান ব্যবহার করবে, ফলে বিভিন্ন প্রযুক্তিভিত্তিক তথ্যভাণ্ডার আন্তঃচলমান (Interoperable) হবে এবং সকল ভূমিসেবা পরস্পরের সঙ্গে সমন্বিত থাকবে। সর্বোপরি সেবা প্রত্যাশীগণ কম সময়, কম খরচ এবং হয়রানিমুক্তভাবে একটিমাত্র সেবাক্ষেত্রের (www.land.gov.bd) মাধ্যমে ভূমিসেবা গ্রহণে সক্ষম হবেন।

২। ভূমি ব্যবস্থাপনা ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট সংস্থাসমূহ ই-ভূমিসেবা তৈরির ক্ষেত্রে উক্ত উপাত্তমান এবং সমন্বয়মান ব্যবহার করবে।

৩। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বা-

(মোঃ শাহগীর আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৮-০২-৯৫৮৮৩৯৫
ফ্যাক্স:৮৮-০২-৯৫৬৬৫৫৯
ই-মেইল: eg_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০১.১৭.১৪৯

১৭ বৈশাখ ১৪২৪
তারিখ: -----------------
৩০ এপ্রিল ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,------------------------------------মন্ত্রণালয়/বিভাগ।
৩. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড।
৪. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।
৫. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
৭. বিভাগীয় কমিশনার,...............................বিভাগ।
৮. জেলা প্রশাসক,.........................................জেলা।
৯. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১০. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপজেলা নির্বাহী অফিসার,-----------------------------------উপজেলা।
১৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩০।০৪।২০১৭

(মোঃ শাহগীর আলম)
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং: ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৬- ২২০৯

তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০৭ আগষ্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়: ই-মিউটেশন ও রেকর্ড ডিজিটাইজেশন ত্বরান্বিতকরণ।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের অংশিদারত্বে বিভিন্ন নাগরিকবান্ধব উদ্যোগ গ্রহণ করেছে।

২। ০৫ এপ্রিল ২০১৫ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত ভূমিসংক্রান্ত সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে ভূমিসংক্রান্ত সেবাসমূহ সমন্বিতভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে ভূমি তথ্য ও সেবা কাঠামো কাজ শুরু করে যাতে এটুআই সাচিবিক সহায়তা প্রদান করে। উক্ত কমিটি সাতটি আন্ত:মন্ত্রণালয় সভার মাধ্যমে ৪৭ দফা সুপারিশ প্রণয়ন করে যার ধারাবাহিকতায় ইতোমধ্যে দুটি প্রমিতমান প্রণয়ন করা হয়েছে যা ৩০/০৪/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে জারি করা হয়েছে।

৩। ভূমি সংক্রান্ত বিভিন্ন সেবাকে ডিজিটাইজড্ করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ০২/১১/২০১৬ তারিখে ভূমি সংস্কার বোর্ডের সঙ্গে এবং ১৮/০৬/২০১৫ তারিখে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সঙ্গে এটুআই-এর সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারকের আলোকে এটুআই ভূমি সংস্কার বোর্ডকে ই-মিউটেশন ও LIMS-এ অন্তর্ভুক্ত অন্যান্য ভূমিসেবার ডিজিটাইজেশন এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে আর এস খতিয়ান ডিজিটাইজেশনের লক্ষ্যে কারিগরি এবং প্রশিক্ষণ সহায়তা প্রদান করে আসছে।

৪। এটুআই-এর সহযোগিতায় ভূমি সংস্কার বোর্ড এ পর্যন্ত ৫৩ টি উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়ন করেছে এবং এ বছরের মধ্যে আরও ৫৯ টি উপজেলায় বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এছাড়া ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এ পর্যন্ত ৫৯,০০,০০০ (উনষাট লক্ষ) খতিয়ানের ডিজিটাইজেশন সম্পন্ন করেছে এবং অবশিষ্ট খতিয়ানসমূহ ডিজিটাইজেশনের কার্যক্রম চলমান আছে।

৫। ২৫ জুলাই ২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মেলন কক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ মহোদয়ের সঙ্গে চলমান উদ্যোগসমূহের অগ্রগতি বিষয়ে এটুআইয়ের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব জনাব ড. কামাল আবদুল নাসের চৌধুরী উপস্থিত ছিলেন। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা ভূমিসেবা বিষয়ে নিম্নরূপ সদয় নির্দেশনা প্রদান করেছেন:

(ক) জুন ২০১৮-এর মধ্যে সারাদেশে ই-মিউটেশন বাস্তবায়ন করতে হবে এবং
(খ) জুন ২০১৮-এর মধ্যে সর্বশেষ জরিপের সকল খতিয়ান ডিজিটাইজেশনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৬। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টার উল্লিখিত ভূমি-সেবাসংক্রান্ত সদয় নির্দেশনা মোতাবেক এটুআই নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করেছে। এ বিষয়ে মহোদয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে বর্ণিত কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা দেওয়ার সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
ই-মেইল: kabirbinanwar@pmo.gov.bd

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, বিআইডব্লিউটিএ ভবন (২য় তলা), ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০৩। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
০৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সরকারি ২য় বার তলা ভবন এর ৮ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
০৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ তারিখ: ১২ ভাদ্র, ১৪২৪
২৭ আগস্ট, ২০১৭

বিষয়: **ই-মিউটেশন ও রেকর্ড ডিজিটাইজেশন ত্বরান্বিতকরণ।**

সূত্র: এটুআই প্রোগ্রামের ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর স্মারক, তারিখ: ০৭ আগস্ট ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের মাধ্যমে এটুআই প্রোগ্রাম হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টার ভূমি সেবা সংক্রান্ত নির্দেশনা মোতাবেক এটুআই নির্ধারিত সময়ের মধ্যে ভূমি সংক্রান্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য তাঁর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, বর্ণিত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২০১৭-০৮-২৭
মোঃ শাহগীর আলম
সিনিয়র সহকারী সচিব

সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫/১(৩) তারিখ: ১২ ভাদ্র, ১৪২৪
২৭ আগস্ট, ২০১৭

অনুলিপি সদয় অবগতির প্রেরণ করা হল:
১) মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক এটুআই প্রোগ্রাম।
২) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩) সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০১৭-০৮-২৭
মোঃ শাহগীর আলম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
ডায়েরী নং........
তাং........

ভূমি সংস্কার বোর্ড
সদস্য (ভূঃব্যঃ) মহোদয়ের দপ্তর / চেয়ারম্যান এর কার্যালয়
ডায়রী নং........ তাং........ ডায়রী নং........ তারিখ........
উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩
সদস্য (প্রশাসন)
ম্যানেজার, বি.আর / ডি.এন.এস্টেট
সদস্য (ভূমি ব্যবস্থাপনা)

স্মারক নম্বর: ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭-........

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে সংযুক্ত করার লক্ষ্যে আইন ও বিচার বিভাগকে নির্দেশনা প্রদান।

সূত্র:
১। মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ নম্বর প্রজ্ঞাপন
২। মন্ত্রিপরিষদ বিভাগের ৮ মার্চ ২০১৬ তারিখের ভূমি তথ্য ও সেবা ফ্রেমওয়ার্কসংক্রান্ত কমিটির ৭ম সভার কার্যবিবরণী
৩। মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নম্বর প্রজ্ঞাপন
৪। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৭ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর স্মারক পত্র
৫। মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে সূত্রোক্ত ১ ও ৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি তথ্য ও সেবা কাঠামো (Land Information and Service Framework) সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন অনুসরণ করে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও ভূমি মন্ত্রণালয়ের সহযোগিতায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম ও ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ই-মিউটেশন বাস্তবায়িত হচ্ছে। ৪ নম্বর স্মারকের মর্ম মতে আগামী ২০১৮ সালের জুন মাসের মধ্যে সকল উপজেলায় ই-নামজারি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।

২। ৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি-তথ্য ও সেবা কাঠামো তৈরি করা হয়েছে এবং ইতোমধ্যে আর-এস খতিয়ান সিস্টেম (RS-K), ই-নামজারি (E-Mutation) সিস্টেম এবং উত্তরাধিকার ক্যালকুলেটর এই কাঠামোতে সংযুক্ত (Integration) করা হয়েছে। অন্যান্য ভূমিসেবাসমূহ উক্ত কাঠামোতে সংযুক্ত করার কার্যক্রমও অব্যাহত রয়েছে। ভূমি-তথ্য ও সেবা কাঠামো বাস্তবায়নের মাধ্যমে ভূমিসংক্রান্ত সকল সেবার জন্য একটি একক কাঠামো (Common platform) সৃষ্টি হয়েছে এবং আন্তঃচলমানতা (Interoperability) নিশ্চিত করা সম্ভব হয়েছে। এই কাঠামোর অধীনে তৈরিকৃত যেকোনো ভূমি-সেবা পরস্পরের সাথে সমন্বিত (Integrated) থাকবে এবং একটিমাত্র সেবাক্ষেত্রের (land.gov.bd) মাধ্যমে ভূমিসংক্রান্ত সকল সেব সহজে প্রদান করা সম্ভব হবে।

৩। ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে যুক্ত ই-নামজারি সেবা এটুআই-এর কারিগরি সহযোগিতায় বর্তমানে ১০৯ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে এবং আর-এস খতিয়ান সিস্টেম (RS-K) -এ সর্বশেষ জরিপের ৯০ লক্ষাধিক খতিয়ান যুক্ত করা হয়েছে। এ দুটি সেবা ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে পরস্পর সমন্বিতভাবে কাজ করে। ৫ নম্বর স্মারক পত্রের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ জুন ২০১৮ এর মধ্যে সারাদেশে ই-নামজারি বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেছে।

৪। ভূমি রেজিস্ট্রেশন-এর সঙ্গে নামজারি সেবা ওতপ্রোতভাবে জড়িত। ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে যুক্ত হলে সেবাপ্রত্যাশীগণ ভূমিসেবা ডিজিটাইজেশনের অধিকতর সুফল পাবেন। এ পরিপ্রেক্ষিতে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করা অতীব জরুরি।

৫। বর্ণিতাবস্থায়, জনবান্ধব ভূমিসেবা প্রদানের অভিলক্ষ্যে ভূমি রেকর্ড, রেজিস্ট্রেশন ও নামজারি কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করার জন্য আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-কে সদয় নির্দেশন প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
ই-মেইলঃ kabirbinanwar@pmo.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/অবগতি কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৩। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর/মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
ডায়েরী নং........১৭৫৭
তাং........২৭/১২/১৭

ভূমি সংস্কার বোর্ড
চেয়ারম্যান এর কার্যালয়
ডায়রী নং...........................
তারিখ..................................
সদস্য (প্রশাসন)
সদস্য (ভূমি ব্যবস্থাপনা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ শাখা
cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৫.১৭.৩০৪

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৪
১৪ ডিসেম্বর ২০১৭

বিষয়: ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে সংযুক্ত করা।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৬ নভেম্বর ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭-৩৪৮৬ নম্বর স্মারক।

ARC-6
২৮/১২/১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ এবং ০৪.০০.০০০০.৮৩১.২২.০০১.০১৭.১৪৯ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি তথ্য ও সেবা কাঠামো (Land Information and Service Framework) সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লিখিত প্রজ্ঞাপনসমূহের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং ভূমি মন্ত্রণালয়ের সহযোগিতায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম ও ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ই-মিউটেশন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৭ আগষ্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৬.২২০৯ এবং এ বিভাগের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর স্মারকের মর্ম মতে আগামী ২০১৮ সালের জুন মাসের মধ্যে সকল উপজেলায় ই-নামজারি বাস্তবায়নের জন্য নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)।

২। এরই পরিপ্রেক্ষিতে ভূমি-তথ্য ও সেবা কাঠামো তৈরি করা হয়েছে এবং ইতোমধ্যে আর-এস খতিয়ান সিস্টেম (RS-K), ই-নামজারি (E-Mutation) সিস্টেম এবং উত্তরাধিকার ক্যালকুলেটর এই কাঠামোতে সংযুক্ত (Integration) করা হয়েছে। অন্যান্য ভূমি-তথ্য ও সেবাসমূহ উক্ত কাঠামোতে সংযুক্ত করার কার্যক্রমও অব্যাহত রয়েছে। ভূমি-তথ্য ও সেবা কাঠামো বাস্তবায়নের মাধ্যমে ভূমি সংক্রান্ত সকল সেবার জন্য একটি একক কাঠামো (Common Platform) সৃষ্টি করা হয়েছে এবং আন্ত:চলমানতা (Interoperability) নিশ্চিত করা সম্ভব হয়েছে। এই কাঠামোর অধীনে তৈরিকৃত যে কোনো ভূমি-সেবা পরস্পরের সাথে সমন্বিত (Integrated) থাকবে এবং একটিমাত্র সেবাক্ষেত্রের (www.land.gov.bd) মাধ্যমে ভূমি সংক্রান্ত সকল সেবা সহজে প্রদান করা সম্ভব হবে। অধিকন্তু ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে যুক্ত ই-নামজারি সেবা এটুআই প্রোগ্রামের কারিগরি সহযোগিতায় বর্তমানে ১০৯টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে এবং আর-এস খতিয়ান সিস্টেম (RS-K)-এ সর্বশেষ জরিপের ৯০ লক্ষাধিক খতিয়ান যুক্ত করা হয়েছে। এ দুটি সেবা ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে পরস্পর সমন্বিতভাবে কাজ করে।

৩। ভূমি রেজিস্ট্রশন-এর সঙ্গে নামজারি সেবা ওতপ্রোতভাবে জড়িত বিধায় ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে যুক্ত হলে সেবা প্রত্যাশীগণ ভূমিসেবা ডিজিটাইজেশনের অধিকতর সুফল পাবেন। এ পরিপ্রেক্ষিতে ভূমি রেজিস্টেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করা অতীব জরুরি।

৪। এমতাবস্থায়, জনবান্ধব ভূমিসেবা প্রদানের অভিলক্ষ্যে ভূমি রেকর্ড, রেজিস্ট্রেশন ও নামজারি কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪-১২-২০১৭
মোঃ শাহগীর আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৩৯৫
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: eg_sec@cabinet.gov.bd

সচিব
সচিবের দপ্তর
আইন ও বিচার বিভাগ

-২০২-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নম্বর:- ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯ তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭।

**বিষয়: জেলা রাজস্ব সভায় ই-নামজারি কার্যক্রম আলোচ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্তকরণ।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ নম্বর প্রজ্ঞাপন।
২। মন্ত্রিপরিষদ বিভাগের ৮ মার্চ ২০১৬ তারিখের ভূমি তথ্য ও সেবা ফ্রেমওয়ার্কসংক্রান্ত কমিটির ৭ম সভার কার্যবিবরণী।
৩। মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নম্বর প্রজ্ঞাপন।
৪। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৭ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর স্মারক পত্র।
৫। মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে সূত্রোক্ত ১ ও ৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি তথ্য ও সেবা কাঠামো (Land Information and Service Framework) সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন অনুসরণ করে ভূমি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম কর্তৃক ই-মিউটেশন ১০৯ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। ৪ নম্বর স্মারকে আগামী ২০১৮ সালের জুন মাসের মধ্যে সকল উপজেলায় ই-নামজারি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।

২। ভূমি ব্যবস্থাপনায় নামজারি সেবা একটি গুরুত্বপূর্ণ জনবান্ধব সেবা। ই-মিউটেশন প্রক্রিয়ায় সেবা প্রত্যাশীগণ ঘরে বসেই অথবা নিকটস্থ ডিজিটাল সেন্টারে গিয়ে নামজারির জন্য আবেদন করতে পারেন এবং কম সময়ে, কম খরচে ও ভোগান্তিবিহীনভাবে উক্ত সেবা গ্রহণ করতে পারেন। যে সকল উপজেলায় ই-মিউটেশন চালু হয়েছে সেখানে এই প্রক্রিয়ায় সেবা গ্রহণের জন্য জনগণের মধ্যে উৎসাহব্যঞ্জক সাড়া লক্ষ্য করা গেছে এবং পত্র-পত্রিকাসমূহেও এই সেবা ইতিবাচকভাবে তুলে ধরা হয়েছে।

৩। সকল উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়ন করা গেলে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে তা যুগান্তকারী পদক্ষেপ বলে বিবেচিত হবে। উল্লিখিত কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়নের জন্য ভূমি সংস্কার বোর্ড, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণের নিবিড় তদারকি ও পরিবীক্ষণের প্রয়োজন হবে।

৪। এমতাবস্থায়, তাঁর দপ্তরের মাসিক রাজস্ব সভায় ই-নামজারি কার্যক্রম আলোচ্যসূচিভুক্ত করে অগ্রগতি পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১৮(আঠার) ফর্দ।

(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

১। বিভাগীয় কমিশনার,..............................(সকল)।
২। জেলা প্রশাসক,..........................(সকল)।

স্মারক নম্বর:- ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯/৭২(০৬) তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়(ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।

(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২